

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 20-04-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Offer Distribution Ceremony :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্য সরকার টি.পি.এস.সি, জে.আর.বি.টি. বা অন্যান্য সংস্থার মাধ্যমে স্বচ্ছতার সাথে বেকার যুবক-যুবতীদের মধ্যে সরকারি চাকুরি প্রদান করছে। গতকাল আগরতলার গোর্থাবস্তিস্থিত খাদ্য দপ্তরের কনফারেন্স হলে নতুন ১১ জন স্মল সেভিংস ইনস্পেক্টরের মধ্যে অফার প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, টি.পি.এস.সি-র মাধ্যমে এই পদে নিয়োগ করা হয়েছে।

চিটফান্ড ও মাইক্রো ফিনান্স সংস্থার প্রসঙ্গ উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার আগে চিটফান্ডে বহু মানুষ প্রতারিত হয়েছেন। ভারত সরকারের নির্দেশ অনুযায়ী তাদের সম্পত্তি অকশন করে এর অর্থ সরকারের অ্যাকাউন্টে জমা রাখা হচ্ছে। পরে তাদেরকে ফিরিয়ে দেওয়ার প্রচেষ্টা নেওয়া হবে।

PM visite Soudi Arabia:

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২ এপ্রিল থেকে দুদিনের সৌদি আরব সফর করবেন। সৌদি আরবের প্রধান মন্ত্রী প্রিন্স মোহাম্মদ বিন সালামের আমন্ত্রণে তিনি সে দেশে যাচ্ছেন। এর আগে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৬ ও ২০১৯ সালে দুবার সৌদি আরব সফর করেছেন। ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী নয়া

দিল্লিকে জানান এই সফরে দু দেশের মধ্যে দিপক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে।

TBSE Result :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আগামী মঙ্গলবার অর্থাৎ ২২শে এপ্রিলের মধ্যে শেষ হবে। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয়গন চৌধুরী জানান উত্তরপত্র মূল্যায়নের কাজ শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে।

এদিকে ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পরিচালিত এ বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আগামী ২৩শে এপ্রিল বুধবার অনুষ্ঠিত হবে। এ বছর মোট ৫২৯৬ জন পরীক্ষার্থী রাজ্যের ১৫টি কেন্দ্রে পরীক্ষায় বসবে। ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ড থেকে গতকাল এ সংবাদ জানানো হয়েছে।

Sea Plane at Tripura :

খুব শীঘ্রই রাজ্যে ডুমুরের নারকেলকুঞ্জ এবং ছবিমুড়ায় চালু হতে পারে সি-প্লেন তথা সামুদ্রিক বিমান পর্যটন। এই ব্যাপারে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং দপ্তরের আধিকারিকরা গতকাল একটি বেসরকারি সংস্থার সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করেন। বৈঠকে শেষে পর্যটন মন্ত্রী সামাজিক মাধ্যমে জানান, সামুদ্রিক বিমান পর্যটন বর্তমান সময়ে একটি আকর্ষণীয় এবং নতুন পর্যটন পদ্ধতি, যা রাজ্যের বিভিন্ন বিশালাকার জলজ অঞ্চলের পর্যটনের জন্য নতুন সুযোগ তৈরি করতে পারে। এটি একদিকে যেমন পর্যটকদের জন্য নতুন অভিজ্ঞতা নিয়ে আসবে, তেমনি স্থানীয় অর্থনীতিকেও উন্নত করতে সাহায্য করবে।

Transfer :

রাজ্য প্রশাসনের ১ জন টিসিএস গ্রেড ওয়ান ও ১ জন গ্রেড টু আধিকারিককে রদবদল করা হয়েছে। এদের মধ্যে রাজনগর ব্লকের বিডিও সৈকত সাহাকে ধলাই জেলার জেলাশাসক অফিসে ডেপুটি কালেক্টর পদে, রাজনগর ব্লকের অতিরিক্ত বিডিও স্মৃতি মুড়া সিং-কে ওই ব্লকেরই বিডিও পদে দায়িত্ব দেওয়া হয়েছে। দক্ষিণ জেলার জেলাশাসক অফিসের ডেপুটি কালেক্টর যোগেশ রিয়াং-কে কো-অপারেটিভ সোসাইটির যুগ্ম রেজিস্টার পদে বদলি করা হয়েছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Under 15 Cricket :

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটের ছয়টি ম্যাচের মধ্যে গতকাল ৫টি অনুষ্ঠিত হয়। একটি ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত হয়। কৈলাসহরের অনুষ্ঠিত খেলায় কমলপুর ৯ উইকেটে তেলিয়ামুড়াকে, ধর্মনগরে অনুষ্ঠিত খেলায় কৈলাসহর ৪ উইকেটে ধর্মনগরকে, সার্কমে অনুষ্ঠিত খেলায় অমরপুর ৪ উইকেটে সার্কমকে, বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় মোহনপুর ৫৩ রানে

গন্ডাছড়াকে এবং উদয়পুরে অনুষ্ঠিত খেলায় সদর-এ ৭ উইকেটে বিশালগড়কে পরাজিত করে। শান্তিরবাজার অনুষ্ঠিত উদয়পুর ও শান্তিরবাজারের খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সপ্তে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের বেশ কিছু জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বজ্রসহ বৃষ্টিপাতেরও সম্ভাবনা রয়েছে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস।
